

## মদন গোবিন্দশ্রী উচ্চ বিদ্যালয় ঝুঁকিপূর্ণ ভবন : কনকনে শীতে গাছ তলায় পরীক্ষা

প্রতিনিধি, মদন (নেত্রকোনা)

নেত্রকোনার মদন উপজেলায় গোবিন্দশ্রী উচ্চ বিদ্যালয়টি ঝুঁকিপূর্ণ। কনকনে শীত উপেক্ষা করে গাছতলায় বার্ষিকী পরীক্ষা দিচ্ছে বিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত শনিবার সরেজমিনে গিয়ে বিদ্যালয়টির এমনি চিত্র দেখা গেছে। এতে চরমভাবে ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম। বিদ্যালয় সূত্রে জানা গেছে, ১৯৭১ সালে বিদ্যালয়টি স্থাপিত হয় ১-১১-১৯৯৫ ইং সালে ভবন নির্মাণ করা হয়েছে। প্রতিষ্ঠার পর থেকে শিক্ষারমান বাড়লেও স্কুলের অবকাঠামো উন্নয়ন তেমন হয়নি। বর্তমানে বিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা ৪৫৬ জন। বিদ্যালয়টি রয়েছে ৮টি কক্ষ, ১টিতে গ্রন্থি শিক্ষক ও কম্পিউটার কক্ষ, ১টিতে সহকারী শিক্ষক, ৬টি শ্রেণী কক্ষ, হিসেবে ব্যবহার করা হতো। এর মধ্যে ২টি পরিত্যক্ত ও ৬টি কক্ষ ঝুঁকিপূর্ণ। ফলে শিক্ষার্থীদের গাছ তলায় পাঠদানসহ পরীক্ষা নিতে হচ্ছে। ২০১৪ সালে ইউপি চেয়ারম্যানের ইফতে খায়রুল আলম চৌধুরী আজাদের সহযোগিতায় ১লাখ ৫০ হাজার টাকা ব্যয়ে একটি টিনসেট ঘর নির্মাণ করা হয়েছে। বিদ্যালয়ের ৯ম শ্রেণীর শিক্ষার্থী মানসুরা আক্তার, ইফতেকার আলম, ৭ম শ্রেণীর শিক্ষার্থী নাইমা আক্তার, রাকিবুল হক জানায়, স্কুলের ২টি কক্ষ, পরিত্যক্ত থাকায় গাছের নিচে আমাদের পাঠদানসহ বার্ষিক পরীক্ষা দিতে হচ্ছে। অনেক সময় রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে ক্লাস করতে হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আজিজুর রহমান আকন্দ জানান, ২০১৪ সালে উপজেলা প্রকৌশলী ২টি কক্ষ পরিত্যক্ত ঘোষণা করেছেন। বর্তমানে সবগুলো কক্ষ ঝুঁকিপূর্ণ হওয়ায় গাছের নিচে এই কনকনে শীতেই পাঠদানসহ পরীক্ষা নিতে হচ্ছে। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আব্দুর রশিদ জানান, আমরা মাননীয় এমপি মহোদয়ের কাছে লিখিতভাবে রিপোর্ট পেশ করেছি।